সোনালী ব্যাংক পিএলসি
বিশ্বস্ত ও স্মার্ট

## নিলাম বিজ্ঞপ্তি (৩য় বার)

### অর্থঋণ আদালত আইন-২০০৩ (সংশোধনী-২০১০) এর ১২ (৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ মেসার্স পপুলার মেডিকেল সার্ভিসেস, প্রোঃ জনাব নুরুল আলম, বালিকা বিদ্যালয় সড়ক, বরগুনা সদর, বরগুনা।

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র শাখা থেকে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ১০/০৩/২০২৫ ইং তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ৬২,৯৫,৭৫১.৭৯/- (বাষট্টি লক্ষ পঁচানব্বই হাজার সাতশত একান্ন টাকা উনআশি পয়সা মাত্র) এবং আদায় কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি অর্থঋণ আদালত আইন-২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২ (৩) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রি করা হবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

*বন্ধকীকৃত সম্পত্তির তফসিল*

জিলাঃ বরগুনা, থানাঃ বরগুনা, মৌজাঃ বরগুনা, জে এল নং - ৩০, পি এস খতিয়ান নং-২১২, আর এস খতিয়ান নং- ১৪৯, এস এ খতিয়ান নং: ৩৪৫, জমাখারিজ খতিয়ান নং- ৩০৪৪, সাবেক দাগ নং-২২২, হাল দাগ নং-২৭৪। জমির পরিমাণ: ৮.০ শতাংশ ।

জমির মালিক: নাসিমা পারভীন, স্বামী: মোঃ নুরুল আলম, পশ্চিম কলেজ রোড, বরগুনা সদর, বরগুনা।।

*শর্তসমূহ:*

০১। আগামী ০৮.০৫.২০২৫ ইং তারিখ বেলা ৪.০০ টার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি., প্রিন্সিপাল অফিস, পটুয়াখালীতে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে। ঐ দিনই বেলা ৪ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র সরাসরি অথবা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে প্রিন্সিপাল অফিসে পৌছাতে হবে।

০২। দরপত্র সিলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রয়েছে)/ সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করতে হবে।

০৩। দরপত্র দাখিল করার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেয়া হলো:

| | আর্নেস্ট মানি/জামানতের পরিমাণ | | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|---|
| ক) | উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের | ২০% হারে | দরপত্র গৃহীত হবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ) | উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা থেকে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের | ১৫% হারে | দরপত্র গৃহীত হবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ) | উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হলে দরপত্র মূল্যের | ১০% হারে | দরপত্র গৃহীত হবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

০৪। দাখিলকৃত দরপত্রে উল্লিখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরপত্রদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে মালামাল/সম্পত্তি নিলাম ক্রয় করতে আহবান করা হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতা (আহুত হবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে ) সম্পূর্ণ মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে তার জামানতও বাজেয়াপ্ত করা হবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবিকৃত টাকার সাথে সমন্বয় করা হবে।

০৫। দরপত্রে উল্লিখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করতে পারবে।

০৬। দরপত্রদাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারবেন। তবে একই তফসিলভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হবে না।

০৭। নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্রদাতাকে বহন করতে হবে।

০৮। ঋণগ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য মালামাল/সম্পত্তি সংক্রান্ত সরকারি কর, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কোন দাবি, পাওনা, যথা: বিদ্যুৎ, পানি, গ্যাস, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকলে তা নিলাম ক্রেতাকে বহন করতে হবে।

০৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম বিজ্ঞপ্তি বাতিল, সংশোধন এবং পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করে।

১০। দরপত্র গৃহীত না হলে দরপত্রদাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরৎ প্রদান করা হবে।

১১। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ/ প্রতিষ্ঠানসমূহ বিস্তারিত তথ্য জানার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে ব্যক্তিগতভাবে যোগাযোগ করতে পারবেন।

(মোঃ কেফায়েত উল্লাহ্)
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার

মোঃ কেফায়েত উল্লাহ্ (A-5550)
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি
বরগুনা কোর্ট বিল্ডিং শাখা, বরগুনা।